




বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

18 January 2024

West Bengal News

<p>সাইবার ক্রাইম সচেতনতার জন্য স্টিকার</p>	<p>প্রসঙ্গ</p> <ul style="list-style-type: none"><li>কলকাতা পুলিশ স্টিকারের মাধ্যমে সাইবার ক্রাইম আক্রমণ থেকে কীভাবে নিরাপদ থাকা যায় এবং একইসাথে সাইবার ক্রাইম এবং অপরাধীদের সম্পর্কে সচেতন করবে।</li><li>এই স্টিকারগুলি সল্টলেকে অনুষ্ঠিত কলকাতা আন্তর্জাতিক বইমেলায় কলকাতা পুলিশের স্টল থেকে বিতরণ করা হবে।</li><li>এই স্টিকারগুলি শিক্ষার্থীদের মধ্যে এবং বিভিন্ন বিদ্যালয়ে বিতরণ করা হবে।</li><li>এছাড়াও, এই বিষয়ে বাংলা ও ইংরেজিতে ক্ষুদ্র পুস্তিকা ছাপা হচ্ছে।</li></ul>
<p>স্কচ (SKOCH) অ্যাওয়ার্ড</p> 	<p>প্রসঙ্গ</p> <p>সুকন্যা এবং প্রণাম নামক কলকাতা পুলিশ কমিউনিটি উইং-এর দুটি ক্ল্যাগশিপ প্রজেক্টকে 2023 সালের মর্যাদাপূর্ণ স্কচ (SKOCH) পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে।</p> <p>গুরুত্বপূর্ণ দিক</p> <ul style="list-style-type: none"><li>সুকন্যা হল একটি উদ্যোগ যা অপ্রীতিকর পরিস্থিতিতে আত্মরক্ষার জন্য স্কুল ও কলেজের ছাত্রীদের আত্মরক্ষার প্রশিক্ষণ দেয়।</li><li>প্রণাম হল কলকাতা পুলিশের তরফ থেকে প্রবীণ নাগরিকদের জন্য একটি ক্ল্যাগশিপ প্রকল্প যা 2009 সালে চালু করা হয়েছিল। এই প্রকল্পের মাধ্যমে, কলকাতা পুলিশ এবং একটি এনজিও প্রবীণ নাগরিকদের সহায়তা প্রদান করে।</li></ul>
<p>শ্রী গুরু গোবিন্দ সিংজির প্রকাশ পুরব</p>	<p>প্রসঙ্গ</p> <ul style="list-style-type: none"><li>মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন 'প্রকাশ পুরব' এবার থেকে পশ্চিমবঙ্গে একটি বিভাগীয় ছুটি হবে।</li><li>শ্রী গুরু গোবিন্দ সিংজির 'প্রকাশ পুরব' পশ্চিমবঙ্গের শিখ সম্প্রদায়ভুক্ত সমস্ত রাজ্য সরকারী কর্মচারী, শিক্ষক, পঞ্চায়েত এবং পৌরসভার কর্মচারী, রাজ্য বোর্ড, কর্পোরেশন এবং উদ্যোগের কর্মচারীদের জন্য একটি বিভাগীয় ছুটি হবে।</li></ul>
<p>রাজ্য সরকারের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের বিবরণসহ ক্যালেন্ডার</p>	<p>প্রসঙ্গ</p> <ul style="list-style-type: none"><li>জলপাইগুড়ি সদর ব্লকের অধীনে অরবিন্দ গ্রাম পঞ্চায়েত একটি বিশেষ ক্যালেন্ডার নিয়ে এসেছে। এটিতে বিভিন্ন রাজ্য সরকারের স্কিমগুলির বিশদ বিবরণ ও সুবিধা, এগুলি কীভাবে পাওয়া যায় তা নিয়ে বিস্তারিত রয়েছে। এছাড়াও, এটি সাধারণ তারিখ ক্যালেন্ডারের মতো দিন এবং তারিখও এটিতে রয়েছে।</li><li>ক্যালেন্ডারটিতে আবেদন প্রক্রিয়ার রূপরেখা, সুবিধা পাওয়ার সময় এবং প্রতিটি প্রকল্পের জন্য ভারপ্রাপ্ত অফিস কর্মীদের চিহ্নিত করা হয়েছে।</li></ul>
<p>জনসংযোগ কর্মসূচি</p>	<p>প্রসঙ্গ</p>



বাংলা

ADDAPEDIA

## Daily Current Affairs Encyclopedia

- মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের জন্য জনগণের নাম নিবন্ধন (রেজিস্টার) করতে সহায়তা করার জন্য মাইক্রো স্তরে একটি নতুন কর্মসূচি ঘোষণা করেছেন।
- দুয়ারে সরকার ক্যাম্পের একাধিক সংস্করণের পরেও যারা বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের আওতার বাইরে রয়ে গিয়েছেন তাদের জন্য এই নতুন প্রোগ্রামটি সহায়ক হবে।

**Copyright © by Adda247**

All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.